বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

"পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"
ফোন ঃ ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd
Better Me - Better BKB

## প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২

পত্র নং-প্রকা/প্রণিবি-২/প্রশা-৪২/২০১৮-২০১৯/৪৪১ তারিখঃ ০৯.০৯.২০১৮ খ্রিঃ

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় ঃ শাখা নিরীক্ষা প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষন করা হলো।

০২. অত্র বিভাগের পরিপত্র নং-২/৯১ তারিখ ১৮.০৫.১৯৯১ মোতাবেক শাখা নিরীক্ষার ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়েছে যা বলবৎ আছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, শাখাকে লাভজনক করার উদ্দেশ্যে কিছু কিছু শাখা বিভিন্ন হিসাব খাতে ভুল তথ্য উপস্থাপন করছে যা অভ্যন্তরীণ নিরীক্ষা দলের অগোচরে থাকছে বা তারা উক্ত অনিয়ম উদ্‌ঘাটিত করতে পারছে না। কিন্ত বাংলাদেশ ব্যাংক বা অন্য বহিঃ নিরীক্ষা/পরিদর্শন দল কর্তৃক উক্ত অনিয়ম উদ্‌ঘাটিত হচ্ছে, ফলে ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। উল্লেখ্য যে, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ এর ২০.০৬.২০১৮ তারিখের ২৬৭৩(১০৩৫) নম্বর পত্রের মাধ্যমে আমানত ও ঋণ হিসাবের খাত ভিত্তিক ব্যালেন্সিং সম্পন্ন করন, যথাযথভাবে বিকেবি, সাধারন হিসাবের উপর সুদ হিসাবায়ন, আমানত হিসাবে যথাযথভাবে সুদারোপ ও প্রভিশন রাখা এবং বাংলাদেশ ব্যাংকের ঋণ শ্রেণী বিন্যাস সম্পর্কিত মাস্টার সার্কুলার অনুযায়ী ঋণ শ্রেণী বিন্যাস এর বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে সকল শাখা ব্যবস্থাপককে পত্র দেয়া হয়েছে, যার অনুলিপি সকল মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগনকে প্রেরণ করা হয়েছে।

০৩. এমতাবস্থায়, অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক শাখা নিরীক্ষা/পরিদর্শন কালে নিম্নে উল্লেখিত বিষয় সমূহ গুরুত্ব সহকারে যাচাই- বাছাই করে প্রকৃত তথ্য উদ্‌ঘাটন করে প্রতিবেদন দাখিলের পরামর্শ দেয়া হলো। অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক উক্ত অনিয়ম সমূহ উদ্‌ঘাটন করতে না পারলে এবং পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক বা অন্য কোন বহিঃ নিরীক্ষা/পরিদর্শন দল কর্তৃক অনিয়ম উদ্‌ঘাটিত বা আপত্তি উত্থাপিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা দলের উপর বর্তাবে।

ক) বিকেবি, সাধারন হিসাবের উপর বিধি মোতাবেক সুদ হিসাবায়ন করা হয়েছে কি-না ;
খ) শ্রেণীকৃত ঋণ হিসাবের সুদ ৫২/স্থগিত সুদ খাতে অন্তর্ভুক্তির পরিবর্তে সরাসরি ৪৬ আয় খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে কি-না;
গ) স্থায়ী আমানতের সুদ প্রভিশন সঠিকভাবে নির্ণয় করে প্রদেয় খাতে রাখা হয়েছে কি-না;
ঘ) অন্যান্য সকল আমানত হিসাবের সুদ সঠিকভাবে প্রদান করা হয়েছে কি-না;
ঙ) ব্যাংকের নীতিমালা অনুসরনপূর্বক ঋণ পুনঃতফশিল করা হয়েছে কি-না;

০৪. শাখা নিরীক্ষাকালে উল্লেখিত বিষয়ে কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে অনিয়মের গুরুত্ব বিবেচনা করে তা ১ম পর্ব নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগনকে পরামর্শ দেয়া হলো।

আদেশক্রমে,

আপনার বিশ্বস্ত,
(স্বাক্ষর) ৯/৯/১৮
( ননী গোপাল দত্ত )
মহাব্যবস্থাপক
( নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ )

---

পত্র নং-প্রকা/প্রণিবি-২/প্রশা-৪২/২০১৮-২০১৯/ ৪৪২ (১১১০) তারিখঃ ০৯.০৯.২০১৮ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. সকল স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. সকল স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, বিকেবি, বিভাগীয় কার্যালয়।
০৫. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক এর মাধ্যমে সকল শাখা ব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. নথি।

(স্বাক্ষর) ৯/০৯/১৮
( মোঃ আবুল কালাম ভুঁইয়া )
উপ-মহাব্যবস্থাপক

F:\Mostafizur\MU-L-2018.doc